গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

# মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ০৭ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা

স্থানঃ এনইসি ১নং কমিটি কক্ষ,
পরিকল্পনা বিভাগ।

সভাপতিঃ মোঃ জিয়াউল ইসলাম, সচিব
পরিকল্পনা বিভাগ।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) বিগত ০৮-০১-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীর কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর কার্যপত্র অনুসারে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**৩.১ পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর/বিভাগের অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন, (জানুয়ারি, ২০১৮ মাসের) অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন ছক-'ক':**

| সেক্টর/বিভাগ | গত মাসের জের | | চলতি মাসে প্রাপ্ত | | চলতি মাসে পিইসি/এসপিইসি হয়েছে | | চলতি মাসে প্রক্রিয়াকরণ সম্পন্ন | | মাস শেষে অবশিষ্ট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প |
| ভৌত অবকাঠামো বিভাগ | ২৭ | ০৩ | ১৮ | ০৩ | ২৬ | ০৪ | ৩০ | ০৪ | ১৫ | ০২ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ৩৩ | ০২ | ১৮ | ০৪ | ০৮ | ০৩ | ১৩ | ০১ | ৩৮ | ০৫ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ২৫ | ১২ | ২৯ | ১৬ | ১০ | ০৫ | ৩৬ | ১৮ | ১৮ | ১০ |
| শিল্প ও শক্তি বিভাগ | ১৭ | ০৩ | ০৮ | ০৬ | ০৬ | ০৬ | ০৫ | ০৪ | ২০ | ০৫ |
| মোটঃ | ১০২ | ২০ | ৭৩ | ২৯ | ৫০ | ১৮ | ৮৪ | ২৭ | ৯১ | ২২ |

**৩.২. ২০১৭-১৮ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প দলিল প্রক্রিয়াকরণ ছক- 'খ':**

| সেক্টর/বিভাগ | ২০১৭-১৮ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের সংখ্যা | ২০১৭-১৮ এডিপি তে অন্তর্ভুক্ত প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অনুমোদিত প্রকল্প সংখ্যা | | অন্তর্ভুক্ত নতুন প্রকল্প | | | চলতি মাসে প্রক্রিয়াকরণ (জানুয়ারি, ২০১৮ মাসের) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একনেক কর্তৃক | মন্ত্রী মহোদয় কর্তৃক | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন | ইআরডিতে প্রেরণ | মন্ত্রণালয়ে প্রেরণ | একনেকে প্রেরণ | মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন | মোট |
| ভৌত অবকাঠামো বিভাগ | ৫১৮ | ৮০ | ২০ | ১৪ | ১৭ | ২০ | ০০ | ০৯ | ১২ | ০৮ | ২৯ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ২৯৯ | ৫২ | ২৯ | ৩৪ | ১৬ | ০৯ | ০০ | ০৮ | ০৩ | ০৩ | ১৪ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ৩৯৯ | ৩০ | ৪৮ | ২৩ | ২৩ | ০৯ | ০০ | ২০ | ০৭ | ০৪ | ৩১ |
| শিল্প ও শক্তি বিভাগ | ১০২ | ১১ | ০২ | ০৬ | ০৮ | ০৫ | ০০ | ০৪ | ০২ | ০০ | ০৬ |
| মোটঃ | ১৩১৮ | ১৭৩ | ৯৯ | ৭৭ | ৬৪ | ৪৩ | ০ | ৪১ | ২৪ | ১৫ | ৮০ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৩ ২০১৭-১৮ এডিপিতে অন্তভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে দলিল প্রক্রিয়াকরণ ছক- 'গ':

| সেক্টর/বিভাগ | ২০১৭-১৮ এডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের **(বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে )** সংখ্যা | ২০১৭-১৮ এডিপিতে অন্তর্ভুক্ত **(বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে)** প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অনুমোদিত প্রকল্প সংখ্যা | | আরএডিপিতে অন্তর্ভুক্ত নতুন অননুমোদিত প্রকল্প **(বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে )** | | | চলতি মাসে প্রক্রিয়াকরণ (জানুয়ারি, ২০১৭ মাসের) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একনেক কর্তৃক | মন্ত্রী মহোদয় কর্তৃক | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন | ইআরডিতে প্রেরণ | মন্ত্রণালয়ে প্রেরণ | একনেকে প্রেরণ | মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন | মোট |
| ভৌত অবকাঠামো বিভাগ | ১৪৫ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ৬৪ | ০১ | ০২ | ০১ | ০১ | ০১ | ০০ | ০১ | ০০ | ০০ | ০১ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ৬০ | ০২ | ০০ | ০০ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| শিল্প ও শক্তি বিভাগ | ৯১ | ০৪ | ০০ | ০২ | ০১ | ০০ | ০০ | ০২ | ০১ | ০০ | ০৩ |
| মোটঃ | ৩৬০ | ৮ | ২ | ৩ | ৩ | ১ | ০ | ৩ | ১ | ০ | ৪ |

**৪.০ শূন্য পদ পূরণ সংক্রান্ত আলোচনাঃ**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| শূন্য পদ পূরণ সংক্রান্ত বিষয়ে উপসচিব (প্রশাসন অধিশাখা-৩) সভাকে জানান যে, পরিকল্পনা বিভাগের ৩য় শ্রেণীর ৭টি ক্যাটাগরীর ৪৭টি শূন্য পদে নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া ৩য় শ্রেণীর ৩টি অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত গত ০৫-০২-২০১৮ খ্রিঃ বিভাগীয় নির্বাচন কমিটি (ডিপিসি)র উপস্থিতিতে কম্পিউটার টাইপ গতি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে কার্যবিবরণী অনুমোদনের অপেক্ষায় রয়েছে। অচিরেই উক্ত শূন্যপদে পদোন্নতি প্রদান করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। NAPD এর প্রতিনিধি সভাকে জানান যে, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীতে ৩য় শ্রেণীর ৬টি ক্যাটাগরীতে ৮টি শূন্যপদে নিয়োগ প্রদান করা হয়েছে। তাছাড়া ২টি প্রথম শ্রেণীর শূন্য পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। বর্তমানে প্রথম শ্রেণীর আর কোন শূন্য পদ নেই। প্রতিনিধি সভাকে আরও জানান যে, ৩য় শ্রেণীর অবশিষ্ট শূন্যপদ পূরণের নিমিত্ত অচিরেই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। | পরিকল্পনা বিভাগের শূন্যপদে নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। তাছাড়া NAPD এবং BIDS -এর শূন্যপদ পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনএপিডি/বিআইডিএস,<br>অতিরিক্ত সচিব-১ পরিকল্পনা বিভাগ<br>এবং<br>যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

**অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদিঃ**

| মন্ত্রণালয় /সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| পরিকল্পনা বিভাগ | ০৮ | ২১.২১ | অতিরিক্ত সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ বিষয়ে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাদের নিয়ে তাঁর সভাপতিত্বে সভা করা হয়েছে। পরিকল্পনা বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের মধ্যে ২টি অডিট আপত্তি আগামী মাসে নিষ্পত্তি হতে পারে। | পরিকল্পনা বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ |
| পরিকল্পনা বিভাগ-এর আওতাধীন প্রকল্পসমূহ | ৩৮ | FAPAD হতে টাকার পরিমান জানা যায়নি। | উপপ্রধান (পরিকল্পনা শাখা) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অতিরিক্ত সচিব-১ এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের নামসমূহ পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশনে প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি এ সংক্রান্ত চাহিত কোন তথ্যাদি পাওয়া যায়নি। ফলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না। তাই তিনি সভার মাধ্যমে তথ্যাদি প্রেরণের জন্য সংশ্লিষ্ট সেক্টর/ডিভিশনকে অনুরোধ করেন। | পরিকল্পনা বিভাগের পিটি শাখা হতে চাহিত তথ্যাদি প্রেরণ করতে হবে। প্রাপ্ত তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন এবং উপপ্রধান পরিকল্পনা শাখা |
| বিআইডিএস | ৩৮ | ৩৫০.৪৭ | বিআইডিএস-এর অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩৮টি, জড়িত টাকার পরিমাণ ৩৫০.৪৭ লক্ষ টাকা। | অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক বিআইডিএস |
| এনএপিডি | ০৩ | ৬.৯৭ | এনএপিডি প্রতিনিধি সভাকে জানান যে, অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩টি এবং জড়িত টাকার পরিমাণ ৬.৯৭ লক্ষ টাকা। ভ্যাট ও আইটি সংক্রান্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে কম কর্তনকৃত অর্থ সংগ্রহ করা হচ্ছে। আগামী মাসে আপত্তি নিষ্পত্তি হবে বলে আশা করা যায়। | অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনএপিডি |

**৬.০ শাখা ভিত্তিক অনিষ্পন্ন কাজসমূহ পর্যালোচনাঃ**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| যুগ্মসচিব (সমন্বয়) বলেন যে, পরিকল্পনা বিভাগ এবং কমিশনে কোন কাজ দীর্ঘ দিন ধরে পেন্ডিং নেই। | শাখা ভিত্তিক অনিষ্পন্ন কাজসমূহের তালিকা প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে সমন্বয় অধিশাখায় প্রেরণ করতে হবে। | পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল শাখা/অধিশাখা |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

**৭.০ ই-ফাইলিং সংক্রান্ত পর্যালোচনাঃ**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে জানান যে, ই-ফাইলিং-এ বর্তমানে পরিকল্পনা বিভাগের অবস্থান পূর্বের তুলনায় আরো অবনতি হয়েছে (২২তম যা গত মাসে ছিল ১৮তম) এবং পরিকল্পনা কমিশনের অবস্থান পূর্বের তুলনায় উন্নিত হয়েছে (৯২তম যা গত মাসে ছিল ১৩৫তম)। সভাপতি পরিকল্পনা বিভাগের ই-ফাইলিং এর অগ্রগতি কমে যাওয়ার কারণ জানতে চাইলে ইন্টারনেটের গতি কম থাকার বিষয়ে অনেকেই ই-ফাইলিং এ সমস্যা হয় বলে জানান। এ প্রসঙ্গে সিনিয়র প্রোগ্রামার সভাকে জানান যে, পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন চত্বরের ইন্টারনেট Bandwidth 120 MBPS হতে 240 MBPS এ উন্নীতকরণের লক্ষ্যে গত ১১/০১/২০১৮ খ্রিঃ তারিখ বিভাগীয় প্রকৌশলী (টেলেক্স এন্ড টিপি) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া, বেসরকারি প্রতিষ্ঠান থেকে 60MBPS এর বিকল্প সংযোগ সরবরাহের জন্য অতিরিক্ত বরাদ্দ চেয়ে গত ০১/০২/২০১৮ খ্রিঃ তারিখে সাধারণ অধিশাখা-২ হতে বাজেট শাখা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ফলে ইন্টারনেটের গতি অচিরেই বৃদ্ধি পাবে। সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে ই-ফাইলিং এর মাধ্যমে নথি ব্যবস্থাপনার জন্য অনুরোধ করেন। | ই-ফাইলিং এর মাধ্যমে নথি ব্যবস্থাপনায় আরও গতিশীল হতে হবে। | সকল শাখা/অধিশাখা/সেল/অনু বিভাগ পরিকল্পনা বিভাগ/কমিশন। |

**৮.০ বিভাগীয় মামলা সংক্রান্ত পর্যালোচনাঃ**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| প্রশাসন অধিশাখা-১ এর ০৩ টি বিভাগীয় মামলা এবং প্রশাসন শাখা-২ এর ০১টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। উপসচিব (প্রশাসন অধিশাখা-১) বলেন, প্রশাসন অধিশাখার ০৩ টি মামলায় বিপিএসসি-এর মতামত পাওয়ার পর আর্থিক সংশ্লিষ্টতার বিষয়ে মতামত প্রদানের জন্য হিসাব শাখায় প্রেরণ করা হয়েছে। হিসাব শাখা হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া প্রশাসন শাখা-২ এর দায়িত্বপ্রাপ্ত সিনিয়র সহকারী সচিব সভাকে জানান যে, উক্ত শাখার ১টি বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা অন্যত্র বদলি হওয়ায় নতুন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।<br>সভাপতি বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ। |

**৯.০ অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, অত্র বিভাগে কোন অভিযোগ পাওয়া যায়নি। তাছাড়া আওতাধীন সংস্থা হতেও অভিযোগ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি। | কোন অভিযোগ পাওয়া গেলে তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, এনএপিডি/বিআইডিএস ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১০.০ বিবিধঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১০.১ Project Planning System (PPS) – Software ব্যবহার করে প্রকল্প দলিল দাখিল সংক্রান্ত আলোচনাঃ** | | |
| স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার প্রকল্পসমূহ Project Planning System (PPS) – Software ব্যবহার করে পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয় প্রকল্প সংশ্লিষ্ট সেক্টর/ডিভিশন হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার প্রকল্পসমূহ PPS Software ব্যবহার করে পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট সেক্টর/ডিভিশন প্রয়োজনীয় সহযোগিতা অব্যহত রাখবে। | প্রধান<br>ভৌত অবকাঠামো বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ<br>পরিকল্পনা কমিশন,<br><br>এবং<br><br>প্রকল্প পরিচালক IDE |
| ১০.২ নতুন পদ সৃজন সম্পর্কিত আলোচনাঃ | | |
| নতুন পদ সৃজনের বিষয়ে ইতোমধ্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে, আশা করা যায় খুব দ্রুতই পদ সৃজনের বিষয়ে আশানুরূপ ফলাফল পাওয়া যাবে। | নতুন পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)<br>পরিকল্পনা বিভাগ |
| **১০.৩ সমন্বয় সভার রিপোর্টে গুরুত্বপূর্ণ প্রকল্পের অবস্থান উল্লেখ করা সংক্রান্ত আলোচনাঃ** | | |
| সভাপতি পরিকল্পনা কমিশনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রেরিত জনগুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ কি অবস্থানে রয়েছে তা জানার জন্য মাসিক সমন্বয় সভায় কার্যপত্রে কোন অংশে রাখা যায় সে বিষয়ে উপস্থিত সকলের মতামত জানতে চান। সভায় উপস্থিত কর্মকর্তাগণ গুরুত্বপূর্ণ বিষয়াদি হিসেবে সেক্টর/ডিভিশন হতে প্রেরিত পত্রে বিষয়টি যোগ করা যায় মর্মে মতামত প্রকাশ করেন। | সেক্টর/ডিভিশন হতে প্রেরিত মাসিক সমন্বয় সভার প্রতিবেদনে গুরুত্বপূর্ণ তথ্যাদির অংশে জনগুরুত্বপূর্ণ দীর্ঘদিন যাবৎ পেন্ডিং প্রকল্পের সর্বশেষ অবস্থান, প্রকল্পের নাম ইত্যাদি উল্লেখ করে দিতে হবে। | প্রধান<br>ভৌত অবকাঠামো বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/ শিল্প ও শক্তি বিভাগ<br>পরিকল্পনা কমিশন। |
| **১০.৪ পরিকল্পনা কমিশন চত্বরের নিরাপত্তা জোরদারকরণ সংক্রান্ত আলোচনাঃ** | | |
| সাধারণ অর্থনীতি বিভাগের প্রধান সভাকে অবহিত করেন যে, গত ৩১-০১-২০১৮ থেকে ০৪-০২-২০১৮ সময়ের মধ্যে সামষ্টিক ও প্রেক্ষিত পরিকল্পনা অনুবিভাগের ব্লক-১৪ কক্ষ-২২ এর পিছন দিকের রক্ষিত স্টীলের আলমারির তালা ভেঙ্গে কে বা কারা ৭টি কম্পিউটার টোনার চুরি করে নিয়ে যায়। তাই তিনি কমিশন চত্বরের নিরাপত্তা জোরদার করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় কমিশন চত্বরের ১নং গেইট সন্ধ্যার পর বন্ধ রাখা এবং নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত পুলিশ ও আনসারদের নিয়ে এ বিষয়ে সভা করার জন্য সাধারণ অধিশাখা-১ এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া কমিশন চত্বরে অবস্থানরত বেওয়ারিশ কুকুরের বিতাড়িত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্যও অনুরোধ করা হয়। | (ক) পরিকল্পনা কমিশন চত্বরে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত পুলিশ ও আনসারদের নিয়ে নিরাপত্তা জোরদার সংক্রান্ত সভা আহবান করতে হবে।<br>(খ) কমিশন চত্বরের ১নং গেইট সন্ধ্যার পর বন্ধ রাখতে হবে। জরুরী প্রয়োজনের সময় তা খুলে দিতে হবে।<br>(গ) কমিশন চত্বরের বেওয়ারিশ কুকুরদের বিতাড়িত করার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | উপসচিব (সাধারণ অধিশাখা-১)<br>পরিকল্পনা বিভাগ<br>ও<br>পুলিশ ইনচার্জ<br>পরিকল্পনা কমিশন চত্বর |

| ১০.৫ Youtube এবং Adult site বন্ধকরণ সংক্রান্ত আলোচনাঃ | | |
|---|---|---|
| Internet- গতির মন্থরতা নিয়ে সভায় আলোচনা হয়। উপসচিব (প্রশাসন-১) সভাকে অবহিত করেন যে, অফিস সময়ে অনেক অফিস সহায়ক YouTube এর মাধ্যমে চলচ্চিত্র, নাটক ইত্যাদি দেখে থাকে ফলে Internet গতি হ্রাস পায়। সভাপতি এ সমস্যা সমাধানের বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিস্টের কাছে জানতে চাইলে তিনি জানান যে YouTube বন্ধ করে দেওয়া যাবে। সভাপতি মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীর দপ্তর ব্যতীত অন্যান্য দপ্তর/শাখার YouTube ও Adult site বন্ধ করে দেওয়ার জন্য অনুরোধ করেন। তাছাড়া তিনি অফিস চলাকালীন সময়ে কম্পিউটারে YouTube ও Adult site দেখা হতে বিরত থাকার বিষয়টি জানিয়ে পত্র দেওয়ার জন্য অনুরোধ করেন। | (ক) মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীর দপ্তর ব্যতীত অন্যান্য দপ্তর/শাখায় Internet লাইন হতে YouTube ও Adult site বন্ধ করে দিতে হবে।<br><br>(খ) অফিস চলাকালীন সময়ে কম্পিউটারে YouTube ও Adult site দেখা হতে বিরত থাকার বিষয়টি জানিয়ে সকলকে পত্র দিতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ। |
| ১০.৬ বৈদেশিক প্রশিক্ষণে গমণকারী কর্মকর্তার প্রশিক্ষণলব্দ অভিজ্ঞতা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন সংক্রান্ত আলোচনাঃ | | |
| সভাপতি বলেন যে, পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত জি. ও এর মাধ্যমে বৈদেশিক প্রশিক্ষণে অংশ গ্রহণকারী কর্মকর্তাগণ প্রশিক্ষণ সমাপ্তির পরবর্তী মাসের সমন্বয় সভায় একটি ৫/৬ মিনিটের উপস্থাপনা পেশ করার কথা থাকলেও তা নিয়মিতভাবে হচ্ছে না। তাই তিনি পিটি শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে বিদেশ গমণকারী কোন দল সমন্বয় সভায় উপস্থাপনা করবে তা জানিয়ে সমন্বয় অধিশাখায় পত্র প্রেরণের অনুরোধ করেন। | সমন্বয় সভায় কোন বিদেশগামী প্রতিনিধি দল ৫/৬ মিনিটের উপস্থাপনা করবে তার নাম, বিষয় তথ্যাদি জানিয়ে সমন্বয় অধিশাখায় পত্র দিতে হবে এবং এ বিষয়ে প্রস্তুতি নিয়ে আসার জন্য সংশ্লিষ্ট গ্রুপকে বলে দিতে হবে। | উপসচিব (পিটি) পরিকল্পনা বিভাগ। |
| ১০.৭ সংসদের প্রশ্নোত্তর প্রেরণে অধিক সর্তকতা অবলম্বনকরণ সংক্রান্ত আলোচনাঃ | | |
| সভাপতি সভাকে অবহিতকরেন যে জাতীয় সংসদে প্রশ্নোত্তর প্রেরণের সময় অধিক সতর্কতা অবলম্বন করা উচিত এবং উর্ধ্বতন কর্মকর্তা (যুগ্মপ্রধান-এর নিচে নয়) দ্বারা তা পরীক্ষণের ব্যবস্থা করা উচিত। ফলে প্রশ্নোত্তরটি যথাযথ প্রাঞ্জল ও নির্ভুল হবে। তাছাড়া সংসদের প্রশ্নোত্তর নির্ধারিত সময়ের পূর্বেই প্রেরণের ব্যবস্থা করার জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | জাতীয় সংসদের প্রশ্নোত্তর নির্ধারিত সময়ের পূর্বে এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করতে হবে। তাছাড়া প্রশ্নোত্তর প্রস্তুতিতে উর্ধ্বতন কর্মকর্তাদের সংশ্লিষ্ট করতে হবে। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন। |

১১.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-১৪/০২/২০১৮ খ্রিঃ
(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব
পরিকল্পনা বিভাগ, ঢাকা।

নং- ২০.০০.০০০০.৩৩২.০৬.০৫৩.১১-(অংশ-১)- ৬২

তারিখঃ ০৩ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ / ১৫ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ই-১৭, আগারগাঁও, ঢাকা।
৫. যুগ্মসচিব (সকল),পরিকল্পনা বিভাগ , ঢাকা।
৬. যুগ্মপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ/ পরিকল্পনা কমিশন, ঢাকা।

৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় ঢাকা
৮. উপসচিব (সকল) পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৯. উপপ্রধান, একনেক/পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় ঢাকা
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা ( **Website** এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ)
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী ইএম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ/নির্বাহী প্রকৌশলী গণপূর্ত উপ-বিভাগ-২, শেরেবাংলা নগর, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (সকল)/ সহকারী সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব/সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশন, ঢাকা।
১৬. সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭. উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত উপ-বিভাগ-৩/ ইএম উপ-বিভাগ-১৪), শেরেবাংলা নগর, ঢাকা।
১৮. উপ-বিভাগীয় কর্মকর্তা, আরবরিকালচার, গণপূর্ত উপ-বিভাগ, আসাদগেট, শেরেবাংলা নগর, ঢাকা।
১৯. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২০. জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
২১. প্রোগ্রামার/মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২২. সহকারী পরিচালক, এসএসআরসি
২৩. বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার/গবেষণা কর্মকর্তা (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৪. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৫. উপ-সহকারী প্রকৌশলী (ফোনস), বিটিসিএল, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৬. মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র/ পুলিশ ইনচার্জ, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।

১৫/২/২০১৮

(শ্যামল কুমার সিংহ)
যুগ্মসচিব
ফোনঃ ৯১১৭৯১৪
E-mail: dsplandivco@gmail.com